

- (কে) 'ওভারগ্রেডিং' (Overgrading) অর্থ এমনভাবে পাট যাচাই করা যাহাতে যাচাইকৃত পাটে বেল টিকেটে নির্দেশিত গ্রেডের সমমানের চাইতে নিম্নগুণের পাট থাকে ;
- (এল) (বিলুপ্ত) ;
- (এম) 'তফসিল' (Schedule) অর্থ এই বিধিমালায় সংযোজিত তফসিল ;
- (এন) 'ধারা' (Section) অর্থ অধ্যাদেশের ধারা ;
- (ও) 'ট্রেজারী' (Treasury) অর্থ বাংলাদেশের অভ্যন্তরে সরকারী ট্রেজারী, সাব-ট্রেজারী ও উহার অন্তর্ভুক্ত ;
- (পি) 'আন্ডারগ্রেডিং' (Undergrading) অর্থ এমনভাবে পাট যাচাই করা যাহাতে বেল টিকেটে নির্দেশিত সমমানের চাইতে যে কোন উচ্চগুণের পাট থাকে ;
- (কিউ) 'আন্ডার-ইনভয়েসিং' (Under-invoicing) অর্থ সংশ্লিষ্ট মালের চালানে চালানী দ্রব্য অপেক্ষা নিম্ন দর বা গুণ বা পরিমাণ প্রদর্শন করা ।

৩। আবেদনপত্র কিভাবে দাখিল করিতে হইবে।—(১) ৬ নং ধারার আওতায় লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের সকল আবেদনপত্র তফসিল-২ তে বর্ণিত ফর্মে তফসিল-১ এ তে বর্ণিত যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে। প্রত্যেক আবেদনপত্রের সংগে তফসিল-১ তে বর্ণিত ফি ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেওয়া চালান সংযুক্ত করিতে হইবে। লাইসেন্স নবায়নের ফি মূল লাইসেন্স মঞ্জুরের সমান :

তবে শর্ত থাকে যে, পৃথক লাইসেন্সের দরকার হইবে না—

- (এ) কোন কাঁচা পাট রপ্তানীকারককে একই কেন্দ্রে বেলার বা পাটের ডিলার হিসাবে ব্যবসা পরিচালনা করিতে ;
- (বি) কোন বেলারকে একই কেন্দ্রে পাটের ডিলার হিসাবে ব্যবসা পরিচালনা করিতে ।

(২) কোন অর্থ বৎসরের জন্য লাইসেন্স নবায়নের আবেদনপত্র সেই বৎসরের পূর্বে ও ৩০শে এপ্রিলের পর কিন্তু তৎপরবর্তী ৩০শে সেপ্টেম্বরের পরে নয়, দাখিল করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, তফসিল-১এ তে বর্ণিত নির্ধারিত কর্তৃপক্ষ উপযুক্ত এবং পর্যাপ্ত কারণে নির্ধারিত লাইসেন্স ফিসের অতিরিক্ত সমপরিমাণ অর্থ জরিমানা হিসাবে জমাদানসহ আবেদনপত্র ৩০শে সেপ্টেম্বরের পরে গ্রহণ করিতে পারিবেন ।

৪। লাইসেন্স ইস্যু ও নবায়ন।—(১) আবেদনকারী তাহার আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্য এবং বিবরণ সম্পূর্ণরূপে ও সঠিকভাবে দাখিল করিবেন এবং আবেদনপত্রখানা অন্যভাবে সঠিক এবং নির্ধারিত ফি জমা দেওয়া হইয়াছে বলিয়া সন্তুষ্ট হইয়া তফসিল-১এ-তে বর্ণিত নির্ধারিত কর্তৃপক্ষ পরবর্তী বিধিতে বর্ণিত লাইসেন্স ইস্যু সংক্রান্ত নীতিমালা পূরণ সাপেক্ষে তফসিল-৩-তে বর্ণিত ফরম মোতাবেক লাইসেন্স ইস্যু বা নবায়ন করিবেন। কিন্তু কোন লাইসেন্সে প্রদর্শিত গুরুত্বপূর্ণ বিষয় অপরিবর্তিত না থাকিলে নবায়ন করা যাইবে না ।